



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours 5th Semester Examination, 2021-22

**BNGADSE03T-BENGALI (DSE1/2)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

**বিভাগ - ক**

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘কবিতার কথা’-য় জীবনানন্দ কবিতার সৃষ্টিরহস্যকে কীভাবে ব্যাখ্যা করেছেন, তা পর্যালোচনা করো।

**অথবা**

‘উপলব্ধির গাঢ়তা ও সততাই কবিতার জীবন’ — জীবনানন্দের ‘কবিতা পাঠ’ অবলম্বনে মন্তব্যটির যথাার্থ্য বিচার করো।

**একক - ২**

(খ) ‘কবিতার ভাষা’ প্রবন্ধে ‘আধুনিক কবিতার ভাষা’ প্রসঙ্গে আবু সয়ীদ আইয়ুবের মতামতের গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

**অথবা**

আবু সয়ীদ আইয়ুবের ‘কাব্যের বিপ্লব ও বিপ্লবের কাব্য’ অবলম্বনে বাংলা কবিতার ধারায় যে নতুন আধুনিকতার জন্ম হয়েছিল, তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

**একক - ৩**

(গ) ‘মিছিলের মুখ’ কবিতাটি অবলম্বনে সুভাষ মুখোপাধ্যায়ের কাব্যাদর্শের পরিচয় দাও। ১০

**অথবা**

‘জরাসন্ধ’ কবিতাটিতে পুরাণপ্রতিমার প্রয়োগে শক্তি চট্টোপাধ্যায়ের কবি প্রতিভার বিশিষ্টতা আলোচনা করো। ১০

**একক - ৪**

(ঘ) ‘মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে’ কবিতাটি কীভাবে সময় ও সমাজ সম্পর্কে শঙ্খ ঘোষের গভীর সচেতনতার একটি উজ্জ্বল নিদর্শন হয়ে উঠেছে, ব্যাখ্যা করো। ১০

**অথবা**

‘বেশ কিছুকাল হলো’ কবিতাটি অবলম্বনে বিনয় মজুমদারের প্রেম চেতনার বিশিষ্টতা বিশ্লেষণ করো। ১০

বিভাগ - খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ) ৫×২=১০
- (ক) ‘সকলেই কবি নয়, কেউ কেউ কবি’ — তাৎপর্য লেখো। ৫
- (খ) ‘প্রথম দ্রষ্টা, কবিদের রাজা, সত্য দেবতা’ — মন্তব্যটি কার সম্বন্ধে এবং কেন বলা হয়েছে? ১+৪
- (গ) ‘পেট জ্বলছে, খেত জ্বলছে  
হজুর জেনে রাখুন  
খাজনা এবার মাপ না হলে  
জ্বলে উঠবে আগুন’  
কবিতাটির পটভূমি নির্দেশ করে উদ্ধৃতাংশের ব্যাখ্যা দাও।
- (ঘ) ‘হেতালের লাঠি যেন এ-কাল প্রহরে মনে রাখে ৫  
চম্পক নগরে আজ কানীর চক্রান্ত চারিদিকে’  
—এর নিহিতার্থ বুঝিয়ে দাও।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—